# ক্রিকেটার সাকিব আল হাসানের মাগুরার বাড়িতে হামলা




ছবি: সংগৃহীত

জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক ও আওয়ামী লীগের (কার্যক্রম নিষিদ্ধ) সাবেক সংসদ সদস্য সাকিব আল হাসানের মাগুরার বাড়িতে হামলার ঘটনা ঘটেছে। বুধবার (৫ আগস্ট) রাত পৌনে ৯টার দিকে সদর উপজেলার কেশব মোড় এলাকায় অবস্থিত বাড়িটিকে লক্ষ্য করে এ ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, দুর্বৃত্তরা বাড়ির দক্ষিণ পাশের লোহার গেটের ওপর দাহ্য পদার্থ ঢেলে আগুন ধরিয়ে দেওয়ার চেষ্টা করে। আগুন লাগার পর স্থানীয় লোকজন দ্রুত তা নিয়ন্ত্রণে আনায় বড় ধরনের ক্ষয়ক্ষতি এড়ানো সম্ভব হয়।

ঘটনায় বাড়ির কয়েকটি জানালার কাচ ভেঙে গেছে। তবে এ ঘটনায় কেউ হতাহত হননি বলে জানিয়েছে পুলিশ।

মাগুরা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল মামুন বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি পরিদর্শন করেছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, গেটের ওপর দাহ্য পদার্থ ঢেলে আগুন লাগানোর চেষ্টা করা হয়েছে।

LENS ASIA

তিনি আরও বলেন, এটি পেট্রোলবোমা ব্যবহার করে চালানো হামলা ছিল কি না, তা এখনই নিশ্চিত করে বলা যাচ্ছে না। ঘটনাস্থল থেকে আলামত সংগ্রহ করা হয়েছে এবং তদন্ত শেষে প্রকৃত ঘটনা সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে। বর্তমানে বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করছে পুলিশ।